# মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর

Web : www.dinajpureducationboard.gov.bd
E-mail : college@dinajpureducationboard.gov.bd

**স্মারক নং- ৫/কল/রং/১৪/৫৬৯৭** **তারিখ : ০১/০৪/২০২৪ খ্রি:**

**বিষয় : রংপুর জেলার সদর উপজেলাধীন "আমাশু প্রগতি উচ্চ বিদ্যালয় ও কলেজ"-এর উচ্চ মাধ্যমিক পর্যায়ে পাঠদানের অনুমতি প্রদান প্রসঙ্গে।**

সূত্র : (১) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর ১৪/১১/২০২৩ তারিখের মঞ্জুরী কমিটির ৩য় সভার সিদ্ধান্ত নং- ০৭।
(২) মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর-এর ২৭/০৩/২০২৪ তারিখের ৪৬ তম বোর্ড সভা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর নিম্নোক্ত শর্ত সাপেক্ষে নিম্নলিখিত শাখা ও বিষয়সমূহসহ **রংপুর** জেলার সদর উপজেলাধীন **আমাশু প্রগতি উচ্চ বিদ্যালয় ও কলেজ** -এ ২০২৪-২০২৫ শিক্ষাবর্ষ থেকে একাদশ শ্রেণীতে **বিজ্ঞান, মানবিক ও ব্যবসায় শিক্ষা** শাখায় পাঠদানের প্রাথমিক অনুমতি প্রদান করা হলো। এই অনুমতিকে কোনক্রমেই স্বীকৃতি বলে গণ্য করা যাবে না।

<u>শাখা সমূহ:</u>

১। মানবিক, ২। বিজ্ঞান, ৩। ব্যবসায় শিক্ষা।

আবশ্যিক বিষয় ঃ
(১) বাংলা
(২) ইংরেজি
(৩) তথ্য ও যোগাযোগ প্রযুক্তি

নৈর্বাচনিক বিষয় ঃ

(ক) মানবিক শাখা ঃ
১। পৌরনীতি ও সুশাসন।
২। অর্থনীতি।
৩। যুক্তিবিদ্যা।
৪। সমাজবিজ্ঞান।
৫। ইতিহাস।
৬। ইসলাম শিক্ষা।

(খ) বিজ্ঞান শাখা ঃ
১। পদার্থ বিজ্ঞান।
২। রসায়ন বিজ্ঞান।
৩। জীব বিজ্ঞান।
৪। উচ্চতর গণিত।

(গ) ব্যবসায় শিক্ষা শাখা ঃ
১। ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা।
২। হিসাব বিজ্ঞান।
৩। উৎপাদন ব্যবস্থাপনা ও বিপণন।

(ঘ) সকল শাখার জন্য ঃ
১। কৃষি শিক্ষা।
২। ভূগোল।

**<u>শর্তসমূহ ঃ</u>**

১। এই অনুমতির মেয়াদ আগামী ০৩ (তিন) বছর পর্যন্ত কার্যকর থাকবে;
২। কলেজের সংরক্ষিত তহবিলে জমাকৃত ৪,০০,০০০.০০ (চার লক্ষ) টাকা বোর্ডের পূর্বানুমতি ছাড়া উঠানো যাবে না।
৩। শিক্ষক/কর্মচারীদের বেতন ভাতাদি কলেজের (এমপিও না দেয়ার শর্তে) স্ব- অর্থায়নে পরিচালিত হবে।

চলমান পাতা-২

৪। ভবিষ্যতে উক্ত প্রতিষ্ঠানের কোন শিক্ষক-কর্মচারীকে এমপিওভুক্ত করা যাবে না।
৫। কলেজের কোন শাখা ক্যাম্পাস চালু করা যাবে না।
৬। উক্ত অনুমোদন ভবিষ্যতে অন্য কোন প্রতিষ্ঠানের ক্ষেত্রে উদারণ অথবা নজির হিসেবে বিবেচিত হবে না।
৭। সরকার প্রয়োজন মনে করলে যে কোন সময় যে কোন শর্ত আরোপ করতে পারবে।
৮। বেসরকারি কলেজের ক্ষেত্রে প্রচলিত অন্যান্য সকল শর্ত মেনে চলতে হবে।
৯। কোন শর্ত প্রতিপালনে ব্যর্থ হলে সরকার যে কোন সময় এ অনুমোদন বাতিল করতে পারবে।
১০। কলেজের দৈনন্দিন খরচ বহনের জন্য সাধারণ তহবিলে কমপক্ষে ২,০০,০০০/- (দুই লক্ষ) টাকা সব সময় জমা রাখতে হবে।
১১। শিক্ষা মন্ত্রণালয় কর্তৃক অনুমোদিত (নং- শাঃ৪/১০এম৫০/৮৩/৫৬০(১৫০০০)-শিক্ষা, তারিখ ১০ ই জুন, ১৯৮৪) পরিদর্শন ও হিসাব নিরীক্ষণ অধিদপ্তরের বে-সরকারী শিক্ষা প্রতিষ্ঠানের হিসাবরক্ষণ পদ্ধতি "নির্দেশিকা" অনুসারে ব্যাংকে একাউন্ট রাখতে হবে এবং ক্যাশ বহিতে হিসাব সংরক্ষণ করতে হবে।
১২। প্রত্যেক অর্থ বছরের শেষে কলেজের জমা খরচের হিসাব রেজিস্টার্ড অডিটর দ্বারা অডিট করাতে হবে এবং হালনাগাদ অডিট রিপোর্ট বোর্ডে পাঠাতে হবে।
১৩। অতিসত্ত্বর কোড নম্বর সংগ্রহের জন্য আবেদন করতে হবে।
১৪। উচ্চ মাধ্যমিক শ্রেণিতে শিক্ষার্থীর সংখ্যা কাম্য পর্যায়ে থাকতে হবে। আসন সংখ্যা- মানবিক : ১০০ জন, ব্যবসায় শিক্ষা: ৫০ জন এবং বিজ্ঞান শাখা : ৫০ জন, শিফট: দিবা, ভার্সন: বাংলা, সহশিক্ষা ।
১৫। কলেজের পরবর্তী অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধি প্রদানের বিষয়ে নিম্নলিখিত রিপোর্ট ও প্রয়োজনীয় ফি পাওয়ার পর বিবেচনা করা হবে।
   ক) উপর্যুক্ত শর্তগুলি পূরণ সংক্রান্ত রিপোর্ট;
   খ) কলেজের কার্য পদ্ধতি সম্পর্কে সন্তোষজনক পরিদর্শন রিপোট;
   গ) অস্থায়ী স্বীকৃতির সময়সীমা বৃদ্ধির ফি বাবদ ৮,০০০/- (আট হাজার) টাকা বোর্ডের সচিব-এর অনুকূলে সোনালী সেবার মাধ্যমে জমাদানের রশিদ;
১৬। বেসরকারী শিক্ষা প্রতিষ্ঠান (নিম্নমাধ্যমিক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক) স্থাপন, পাঠদান ও একাডেমিক স্বীকৃতি প্রদান নীতিমালা-২০২২ (সংশোধিত-২০২৩) অনুযায়ী সকল শর্ত যথাযথভাবে পূরণ করতে হবে; এবং
১৭। উপর্যুক্ত শর্তসমূহ পূরণে ব্যর্থ হলে এ অনুমতিপত্র প্রত্যাহার করা হবে।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

স্বাঃ
(মোঃ আবু সায়েম)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

সভাপতি/অধ্যক্ষ,
**আমাশু প্রগতি উচ্চ বিদ্যালয় ও কলেজ**
**ডাকঘর : খটখটিয়া**
**উপজেলা : সদর, জেলা : রংপুর।**

**স্মারক নং- ৫/কল/রং/১৪/৫৬৯৭** **তারিখ : ০১/০৪/২০২৪ খ্রি.**

**সদয় অবগতির ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি প্রেরিত হলো (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়):**
১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
২। মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, বাংলাদেশ, ঢাকা।
৩। মহাপরিচালক, ব্যানবেইস, শিক্ষা মন্ত্রণালয়, সোনারগাঁও রোড (পলাশী নীলক্ষেত), ঢাকা-১২০৫।
৪। জেলা প্রশাসক, রংপুর।
৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, রংপুর অঞ্চল, রংপুর।
৬। পরীক্ষা নিয়ন্ত্রক, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর
৭। উপজেলা নির্বাহী অফিসার, সদর, রংপুর।
৮। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
৯। জেলা শিক্ষা অফিসার, রংপুর।
১০। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, সদর, রংপুর।
১১। পি. এস. টু চেয়ারম্যান, মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড, দিনাজপুর।
~~১২।~~ ওয়েব সাইট কপি।
১৩। অফিস কপি।

চেয়ারম্যান মহোদয়ের আদেশক্রমে

Kayem 01.04.24
(মোঃ আবু সায়েম)
কলেজ পরিদর্শক
মাধ্যমিক ও উচ্চ মাধ্যমিক শিক্ষা বোর্ড
দিনাজপুর।

02/04/2024

Data(e)Collage-a4-mannan-sir